

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট ১৫৩, পাইওনিয়ার রোড,
সেগুনবাগিচা, ঢাকা। www.hcu.org.bd

বিষয়ঃ হাইড্রোকার্বন ইউনিটে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটলাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম।
সভার তারিখ ১৩-০৯-২০২১ ইং
সভার সময় সোমবার, বিকাল ৩:০০ ঘটিকা
স্থান হাইড্রোকার্বন ইউনিট, মিনিকনফারেস রুম।
উপস্থিতি ক) জনাব, মেহেদী হাসান (পরিকল্পনা ও পিএসসি) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম। খ) জনাব, শিহাব
মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) ও সদস্য, ইনোভেশন টিম। গ) জনাব মোঃ নাজমুল
হক, সহকারি পরিচালক (পরিকল্পনা) ও সদস্য, ইনোভেশন টিম।

২.০। আলোচনাঃ

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ নাজমুল হক, সহকারি পরিচালক (পরিকল্পনা) সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটে উদ্ভাবনী ধারণা হিসেবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানীসমূহের আইন, বিধি ও নীতিমালার সংকলনের ই-বুক তৈরি, সহজিকৃত সেবা হিসেবে হাইড্রোকার্বন ইউনিটের ই-লাইব্রেরী ও ডিজিটলাইজকৃত সেবা হিসেবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানীসমূহের জন্য অন্তর্ভুক্তিকালীন তৈরি ধারণাসমূহ গ্রহণ করা হয়েছিল বলে সভাকে অবহিত করেন। উদ্ভাবনী ধারণাসমূহ যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে এবং হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে।

২.২। সভাপতি সেবাসমূহের হালনাগাদকরণের ওপর গুরুত্ব দিতে নির্দেশনা প্রদান করেন। সেবাসমূহ সকলের কাজে আসবে এই আশা ব্যক্ত করেন। পরিশেষে, সভাপতি উদ্ভাবনী ধারণাসমূহ বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০। সিদ্ধান্তঃ

ক) হালনাগাদ কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করতে হবে।
খ) উদ্ভাবনী ধারণাসমূহ বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণ করতে হবে।

৪.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও
চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম।

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮

০৬ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৪) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) , হাইড্রোকার্বন ইউনিট
- ৫) অফিস কপি।



মোঃ জাকির হোসেন
পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)